



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/ ৩৩৩১৯১১৭৫৯২১/২২৫৬/৭ নথি নং-কুষ্টিয়া-২০

তারিখ: ২৮.০৭.২০১৯ খ্রি:

বিষয়: অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, কুষ্টিয়া জেলার দৌলতপুর উপজেলাধীন রেজুওয়ানুল উলুম আলিম মাদ্রাসার চলমান গভার্ণিং বডি'র সাবেক সভাপতি মোহা: ওহিদুজ্জামান বোর্ডে একখানা অভিযোগ পত্র দাখিল করেছেন। তাহার অভিযোগ আবেদনে দেখা যায় ক্রমিক নং ৩ মো: মোফাজ্জল হোসেন, ক্রমিক নং ৭ মো: মাজিদুল ইসলাম দাখিল শাখার শিক্ষক কিন্তু আলিম শাখার প্রভাষক নিয়োগ প্রাপ্ত দেখানো হয়েছে যা বিধি সম্মত নয়, মহিলা অভিভাবক সদস্য থাকা স্বত্বেও পদ শূন্য দেখানো হয়েছে যার ভোটার নং ৭১ অর্থাৎ গভার্ণিং বডি'র অনুমোদনের জন্য যে কোরাম প্রয়োজন তা সম্পন্ন না করেই বোর্ডে অনুমোদনের জন্য প্রেরণ করেছেন মর্মে অভিযোগে উল্লেখ করেছেন। একইসাথে গভার্ণিং বডি অনিয়ম এবং বিধিবিহীনভাবে সভাপতি মনোনয়ন দেয়া হয়েছে বলে আবেদনে উল্লেখ করেছেন এবং প্রক্রিয়াধীন গভার্ণিং বডি'র কার্যক্রম বন্ধ রাখার জন্য অনুরোধ করেছেন।(কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় অভিযোগসহ সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য তাঁকে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

মো:

মো: সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ৯৬১২৮৫৮

প্রাপক: উপজেলা নির্বাহী অফিসার
দৌলতপুর, কুষ্টিয়া।

নং-বামাশিবো/প্রশাসন/ ৩৩৩১৯১১৭৫৯২১/ ২২৫৬/৭ নথি নং-কুষ্টিয়া-২০

তারিখ: ২৮.০৭.২০১৯ খ্রি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. জেলা শিক্ষা অফিসার, কুষ্টিয়া।
২. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দৌলতপুর, কুষ্টিয়া।
৩. সভাপতি/সদস্যবৃন্দ, রেজুওয়ানুল উলুম আলিম মাদ্রাসা, দৌলতপুর, কুষ্টিয়া।
৪. অধ্যক্ষ রেজুওয়ানুল উলুম আলিম মাদ্রাসা, দৌলতপুর, কুষ্টিয়া
৫. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

মো: ওমর ফারুক
২৮.০৭.১৯

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ৯৬৭৪৮৭৪

২৮/৭/১৯